

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮২৯

শান্তিরবাজার, ১৫ নভেম্বর, ২০২৪

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস

কেন্দ্রীয় সরকার জনজাতিদের কল্যাণে অগ্রাধিকার দিয়েছেন : সমবায় মন্ত্রী

ভগবান বীরসা মুন্ডার জন্মজয়ন্তী উপলক্ষে দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আজ জোলাইবাড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হয়। একই সাথে ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান সংগঠিত করা হয়। সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া চারা গাছে জল সিঞ্চন করে জনজাতীয় গৌরব দিবসের সূচনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তাপস দত্ত, জোলাইবাড়ি বিএসি'র ভাইস চেয়ারম্যান জীতিনরাম ত্রিপুরা, বিশিষ্ট সমাজসেবী অজয় রিয়াং, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা স্মিতা মল এম এস প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জোলাইবাড়ি বিএসি'র চেয়ারম্যান অশোক মগ।

অনুষ্ঠানের উদ্বোধন করে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, কেন্দ্রীয় সরকার জনজাতিদের কল্যাণে অগ্রাধিকার দিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জনজাতিদের আর্থসামাজিক মানোন্নয়নে ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান সহ নানা প্রকল্প ঘোষণা করেছেন। প্রধানমন্ত্রীর অনুপ্রেরণায় প্রধানমন্ত্রী জনমন প্রকল্প, প্রধানমন্ত্রী আবাস প্রকল্প, প্রধানমন্ত্রী কিশাণ প্রকল্প ইত্যাদি জনমুখী প্রকল্পের মাধ্যমে জনজাতিদের উন্নয়ন ঘটানো হচ্ছে। এই জনমুখী প্রকল্পগুলির বাস্তবায়নে সমবায় মন্ত্রী জনপ্রতিনিধি এবং সরকারি আধিকারিকদের এক যোগে কাজ করার আহ্বান জানান। অনুষ্ঠানে ১২ জন জনজাতির হাতে জমির পাট্টা এবং ১০ জনের হাতে প্রধানমন্ত্রী আবাস যোজনার শংসাপত্র তুলে দেওয়া হয়। বিভিন্ন সরকারি দপ্তর স্টল খুলে নানা সরকারি প্রকল্পের পরিষেবা প্রদান করেন স্থানীয় জনসাধারণের মধ্যে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জেলা কল্যাণ আধিকারিক পারেন্দ্র দাস। অনুষ্ঠানে জনজাতি ছাত্রছাত্রীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।
